



রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ

রাজউক ভবন, ঢাকা।

প্রাতিষ্ঠানিক পুট বরাদ্দের বিজ্ঞপ্তি

সম্প্রসারিত উত্তরা ৩য় পর্ব প্রকল্প

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সম্প্রসারিত উত্তরা ৩য় পর্ব প্রকল্পে বিভিন্ন আয়তনের কিছু সংখ্যক প্রাতিষ্ঠানিক পুট বিদ্যালয় (বালক, বালিকা), হেলথ ক্লাব, সুইমিং পুল, হাসপাতাল, বিশেষায়িত প্রতিষ্ঠান ও শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের জন্য বরাদ্দ দেওয়ার নিমিত্তে আগ্রহী বাংলাদেশী নাগরিকগণের নিকট হইতে রাজউকের নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাইতেছে।

- ১। রাজউক ভবনস্থ জনতা/সোনালী/অগ্রণী ব্যাংক লিমিটেড, রাজউক ভবন কর্পোরেট শাখা, ঢাকা হইতে নগদ টাঃ ৩,০০০/- (তিন হাজার) মাত্র (অফেরতযোগ্য) প্রদান করিয়া আগামী ২৫.০৭.২০১১খ্রিঃ তারিখ হইতে আবেদনপত্রের ফরম ও প্রসপেক্টাস সংগ্রহ করা যাইবে এবং একই ব্যাংকে আগামী ৩১.১০.২০১১খ্রিঃ তারিখ ব্যাংক চলাকালীন সময়ের মধ্যে আবেদনপত্র জমা প্রদান করিতে হইবে।
- ২। বিদেশে অবস্থানরত বাংলাদেশী ব্যক্তিগণ যাহারা প্রতিষ্ঠান স্থাপনে আগ্রহী তাহাদের প্রস্তাবিত প্রতিষ্ঠানের প্রজেক্ট প্রোফাইলে উল্লেখিত প্রধানদের রাজউক এর ওয়েবসাইট (www.rajukdhaka.gov.bd) হইতে আবেদনপত্রের ফরম ও প্রসপেক্টাস ডাউনলোড করিয়া প্রসপেক্টাসে বর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে চেয়ারম্যান, রাজউক বরাবর নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র প্রেরণ করিতে পারিবেন। তবে আবেদনপত্র ও প্রসপেক্টাস বাবদ \$50/- (পঞ্চাশ) মার্কিন ডলার (অফেরতযোগ্য) জামানতের সঙ্গে জমা প্রদান করিতে হইবে।
- ৩। বাংলাদেশে অবস্থানরত চালুকৃত প্রতিষ্ঠান/প্রস্তাবিত প্রতিষ্ঠানের প্রধানগণ রাজউক ওয়েবসাইট (www.rajukdhaka.gov.bd) হইতে আবেদনপত্রের ফরম ও প্রসপেক্টাস ডাউনলোড করিয়া প্রসপেক্টাসে বর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে চেয়ারম্যান, রাজউক বরাবর নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র প্রেরণ করিতে পারিবেন। তবে আবেদনপত্র প্রক্রিয়াকরণ বাবদ টাঃ ৩,০০০/- (তিন হাজার) মাত্র (অফেরতযোগ্য) জামানতের সঙ্গে পৃথক পে-অর্ডার/ডিডি'র মাধ্যমে জমা প্রদান করিতে হইবে।
- ৪। আবেদনকারী প্রতিষ্ঠানের চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/প্রধানকে জামানত হিসাবে নিম্নবর্ণিত পরিমানের অর্থ চেয়ারম্যান, রাজউক এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে জনতা/সোনালী/অগ্রণী ব্যাংক, রাজউক ভবন কর্পোরেট শাখায় জমা দিতে হইবে। উল্লেখ্য, ঢাকা সিটি কর্পোরেশনের অধিভুক্ত প্রতিষ্ঠান/প্রস্তাবিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে জামানতের অর্থ পে-অর্ডারের মাধ্যমে এবং উক্ত এলাকার বাহিরের প্রতিষ্ঠান/প্রস্তাবিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে ডি.ডি-এর মাধ্যমে উল্লেখিত ব্যাংকে জমা প্রদান করিতে হইবে।

প্রতিষ্ঠানের ধরন	বাংলাদেশে বসবাসরত আবেদনকারীদের ক্ষেত্রে	বিদেশে বসবাসরত বাংলাদেশী নাগরিকগণের ক্ষেত্রে (ইউ এস ডলার)
বিদ্যালয় (বালক ও বালিকা)	টাঃ ১০,০০,০০০/- (দশ লক্ষ) মাত্র	\$ 13,500/-
হেলথ ক্লাব	টাঃ ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) মাত্র	\$ 34,000/-
সুইমিং পুল	টাঃ ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) মাত্র	\$ 34,000/-
হাসপাতাল	টাঃ ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) মাত্র	\$ 34,000/-
বিশেষায়িত প্রতিষ্ঠান	টাঃ ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) মাত্র	\$ 34,000/-
শিক্ষা প্রতিষ্ঠান	টাঃ ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) মাত্র	\$ 34,000/-

উল্লেখ্য, বিদেশে বসবাসরত বাংলাদেশী নাগরিকগণ চেয়ারম্যান, রাজউকের অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/টি.টি/ডি.ডি এর মাধ্যমে Sonali Bank Limited, Wage Earner Corp. Branch, Dhaka রাজউকের FC Account 161012, Janata Bank Limited, Foreign Exchange Corp. Branch, Dhaka রাজউকের FC Account 42033709, Janata Bank, Foreign Exchange Corp. Branch, Dhaka এর Swift Code No. JANBDDHFEC তে অথবা Agrani Bank Limited, Foreign Exchange Corp. Branch, Dhaka রাজউকের FC Account 002 প্রেরণ করিতে হইবে।

- ৫। সরকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে জামানত প্রদানের বাধ্যবাধকতা থাকিবে না।
- ৬। প্রসপেক্টাসে বর্ণিত যাবতীয় নিয়মাবলী অনুসরণ করিয়া আবেদনপত্র পূরণ পূর্বক দাখিল করিতে হইবে।
- ৭। সম্প্রসারিত উত্তরা ৩য় পর্ব প্রকল্পে ২০০৮ সালে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী যে সকল আবেদনকারী প্রাতিষ্ঠানিক পুট বরাদ্দের জন্য আবেদন করিয়া বরাদ্দ পান নাই অথবা জামানতের টাকাও উত্তোলন করেন নাই, তাহাদেরকে নতুনভাবে জামানতের নির্ধারিত টাকা জমা দিয়া দরখাস্ত করিতে হইবে। পূর্ববর্তী আবেদন গ্রহণ যোগ্য হইবে না।
- ৮। অসম্পূর্ণ, ভুল এবং মিথ্যা তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিল বালিয়া গণ্য হইবে। সত্য গোপন করিলে বা ভুল তথ্য পরিবেশন করিয়া বা হলফনামায় মিথ্যা বিবৃতি দিয়া কেহ প্রাতিষ্ঠানিক পুট বরাদ্দ লাভ করিলে তাহার বরাদ্দ বাতিলপূর্বক জামানতের টাকা বাজেয়াপ্তসহ প্রচলিত আইনমতে ব্যবস্থা গ্রহণ করা হইবে।
- ৯। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ কোন কারণ না দর্শাইয়া যে কোন আবেদনপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

চেয়ারম্যান

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।